শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.moef.gov.bd

নম্বর-২২.০০.০০০০.০৫১.১১.০০২.১৮.৫৪৮

তারিখ: ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত শূণ্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে (সরকারি বিধি মোতাবেক) প্রত্যেক পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে নির্ধারিত বেতন স্কেলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে **http://moefcc.teletalk.com.bd** ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | হিসাব রক্ষক<br><br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১২, টা. ১১,৩০০-২৭,৩০০/- | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | টাঙ্গাইল, গাজীপুর, কিশোরগঞ্জ, রংপুর, যশোর, নওগাঁ, নরসিংদী, লক্ষ্মীপুর, নাটোর, শেরপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, নড়াইল, ঝালকাঠি, খাগড়াছড়ি জেলা ব্যতীত সকল জেলা<br><br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর,<br><br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৩, টা. ১১,০০০-২৬,৫৯০/- | ০৪ (চার)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) সাঁটলিপি-তে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ, ইংরেজি-৭০ শব্দ থাকতে হবে;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত | টাঙ্গাইল, গাজীপুর, কিশোরগঞ্জ, রংপুর, যশোর, নওগাঁ, নরসিংদী, লক্ষ্মীপুর, নাটোর, শেরপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, নড়াইল, ঝালকাঠি, খাগড়াছড়ি জেলা ব্যতীত সকল জেলা<br><br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৩. | ক্যাশিয়ার<br><br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৪, টা. ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | টাঙ্গাইল, গাজীপুর, কিশোরগঞ্জ, রংপুর, যশোর, নওগাঁ, নরসিংদী, লক্ষ্মীপুর, নাটোর, শেরপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, নড়াইল, ঝালকাঠি, খাগড়াছড়ি জেলা ব্যতীত সকল জেলা<br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br><br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৬, টা. ৯,৩০০-২২,৪৯০/- | ০৭ (সাত) টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২০ শব্দ, ইংরেজি-২০ শব্দ থাকতে হবে;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ | টাঙ্গাইল, গাজীপুর, কিশোরগঞ্জ, রংপুর, যশোর, নওগাঁ, নরসিংদী, লক্ষ্মীপুর, নাটোর, শেরপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, নড়াইল, ঝালকাঠি, খাগড়াছড়ি জেলা ব্যতীত সকল জেলা<br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত | পারবেন। |
| ৫. | অফিস সহায়ক<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-২০, টা. ৮,২৫০-২০,০১০/- | ১২ (বারো) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, শেরপুর, টাঙ্গাইল, রাঙামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষীপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নাটোর, সিরাজগঞ্জ, যশোর, খুলনা, বাগেরহাট, পঞ্চগড়, কুড়িগ্রাম, বরিশাল, ভোলা, ঝালকাঠি জেলা ব্যতীত সকল জেলা<br><br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণীয়:

০১। ২৫- ০৩- ২০২০ তারিখে সাধারণ প্রার্থীর সর্বোচ্চ বসয়সীমা ৩০ বছর

(ক) আবেদন শুরুর তারিখে (২৮/১২/২০২১ তারিখে) প্রার্থীর সর্বনিম্ন বয়সসীমা ১৮ বছর।

(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত;

(গ) বিভাগীয় প্রার্থীর (একই নিয়োগ বিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী) ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর।

(ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে শর্ত প্রযোজ্য নয়।

(চ) ইতোমধ্যে ২৭-০৯-২০২১ তারিখে দৈনিক ইত্তেফাক এবং ২৮-০৯-২০২১ তারিখে The Daily Observer পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন তাদের নতুন করে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করার প্রয়োজন নেই।

০২। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়ে ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে আবেদনপত্র বাতিল করা হবে।

০৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে বর্ণিত ছকের ০২ নং ও ৪ নং ক্রমিকের শূন্য পদসমুহের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

০৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৫। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) (i) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(ii) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

(iii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(iv) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(v) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(vi) বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

(vii) বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত নূন্যতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে তাঁর স্বপক্ষে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

(ঙ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্ত রূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://moefcc.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online - এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৮-১২-২০২১, সকাল-১০.০০ টা।

(ii) Online - এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৮-০১-২০২২, বিকাল-৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online - এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 10 ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online - এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online - এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online - এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকা অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন এবং ৫ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকা অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online - এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS: MOEFCC**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে|

Example: **MOEFCC ABCDEF**

Reply Applicant's Name, TK.112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type **MOEFCC**<Space>**Yes**<Space>**PIN** and send to 16222

**দ্বিতীয় SMS: MOEFCC**<Space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **MOEFCC Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ------------.
Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://moefcc.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **MOEFCC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **MOEFCC Help User ABCDEF** & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **MOEFCC**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **MOEFCC Help PIN 12345** & Send to 16222.

(ঝ) (বিবিধ):

(i) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর নিজস্ব ওয়েবসাইটে www.moef.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে সরাসরি https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ii) নিয়োগ ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর নিজস্ব ওয়েবসাইটে www.moef.gov.bd বা http://moefcc.teletalk.com.bd এবং https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে নিয়মিত ভিজিট করুন।

(iii) Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এ মেইল করা যেতে পারে। (Mail এর Subject-এ Organization Name: **MoEFCC**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(iv) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৮। Online - এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

ঈশিতা রনি
উপসচিব (প্রশাসন ১ অধিশাখা)